# RAMAKRISHNA VIVEKANANDA MISSION
## Model Answer for Special Examination - 2020
### Subject: - Geography
### Class: VII

**Full Marks: 100**

**1) সঠিক উত্তর নির্বাচন কর :-** 40x1=40

i) সূর্য থেকে পৃথিবীর দূরত্ব বেশী হয় - 3rd jan / 4th july ✓ / 21 june

ii) উত্তর অয়নান্ত দিবস হল - 21 june ✓ / 22 june / 23 june

iii) কুমেরু বৃত্তের অক্ষাংশ মান - $23\frac{1}{2}^0$ N / $66\frac{1}{2}^0$ S ✓ / $66\frac{1}{2}^0$ N

iv) পৃথিবীতে মোট অক্ষরেখার সংখ্যা - 180 / 179 ✓ / 181 টি ।

v) বিষুব কথার অর্থ - সমান ✓ / অসমান / সমান্তরাল ।

vi) মূলমধ্যরেখার বিপরীতের দ্রাঘিমা - $181^0$ / $180^0$ ✓ / $179^0$ দ্রাঘিমা ।

vii) অধিবর্ষ আবিষ্কার করেন - মিশরীয়রা ✓ / ভারতীয়রা / গ্রীকরা ।

viii) মিয়েন্ডার দেখা যায় - উচ্চগতি / মধ্যগতি ✓ / নিম্নগতিতে ।

ix) গঙ্গাঁর উপনদী হল - ভাগিরথী / যমুনা ✓ / হুগলী ।

x) নদীর সৃষ্টিস্থলকে বলে - র‍্যাপিড / কাসকেড / উৎস ✓ ।

xi) আমাশয় রোগটি হয় - প্রোটোজয়া ✓ / ব্যাকটেরিয়া / ভাইরাস দ্বারা ।

xii) হেপাটাইটিস - বায়ু / জল ✓ / মৃত্তিকা বাহিত রোগ ।

xiii) পারদ একপ্রকার - জৈব / অজৈব ✓ / কঠিন বর্জ্য ।

xiv) ভূপাল দূর্ঘটনা হয় - 1980 / 1981 / 1984 ✓ সালে ।

xv) উগান্ডার রাজধানী - কাগেরা / কাম্পালা ✓ / কায়রো ।

xvi) পৃথিবীর দীর্ঘতম হ্রদটি হল - বৈকাল / টাঙ্গানিকা ✓ / ভিক্টোরিয়া ।

xvii) সাহারার একটি উপজাতি - পিগমি / তুয়ারেগ ✓ / টোটো ।

xviii) এশিয়ার একটি স্বাদু জলের হ্রদ হল - বৈকাল ✓ / কাস্পিয়ান / আরল ।

xix) তৈগা একটি - বনভূমি ✓ / জলাভূমি / সমভূমি ।

xx) এশিয়ার উত্তরবাহিনী নদী - টাইগ্রিস / লেনা ✓ / সাংপো ।

xxi) কৃষ্ণমৃত্তিকা সৃষ্টি হয় - ব্যাসল্ট ✓ / গ্রানাইট / গ্যাব্রো শিলা থেকে ।

xxii) চুনাপাথর / বেলেপাথর / কাদাপাথর - একটি জৈব শিলা ।

xxiii) লবনাক্ত মাটিতে আম / সুপারী / সুন্দরী গাছ হয় ।

xxiv) সাহারার মরুঝড়কে বলে - খামসিন / হারমাট্টান / সাইমুম ।

xxv) মহাবিষুব হয় - 21 march / 22 march / 23 march

xxvi) ভারতের প্রমান দ্রাঘিমা - 82$^{o}$30’ উ: / 82$^{o}$30’ পূ: / 82$^{o}$30’ প: ।

xxvii) পৃথিবীর স্বাভাবিক বায়ুর চাপ - 180 mb / 580 mb / 980 mb

xxviii) বায়ুর গতি মাপা হয় - ব্যারোমিটারে / অ্যানিমোমিটারে / থার্মোমিটারে ।

xxix) পুরুলিয়ার একটি বিখ্যাত পাহাড় - বাগমুন্ডি / মশক / শুশুনিয়া ।

xxx) আরাবল্লী / হিমালয় / রকি - হল একটি প্রাচীন ভঙ্গিল পর্বত ।

xxxi) নিম্নগতিতে নদী - ক্ষয় / বহন / সন্ঞ্চয় করে ।

xxxii) তরমুজ চাষ হয় - বেলে / এঁটেল / দোঁয়াশ মাটিতে ।

xxxiii) পারদ ঘটিত রোগের নাম - মিনেমাটা / ইটাই-ইটাই / কলেরা ।

xxxiv) অম্ল বৃষ্টির ফলে দূষিত হয় - বাতাস / বাতাস ও জল / জল ও মাটি ।

xxxv) শাল / আবলুস / পাইন - একটি সরলবর্গীয় উদ্ভিদ ।

xxxvi) এশিয়া মহাদেশে দেশের সংখ্যা - 59 / 38 / 51 টি ।

xxxvii) সাহারার চলমান বালিয়াড়িকে - আর্গ / খ্রিয়ান / সেরির বলে ।

xxxviii) আফ্রিকার পশ্চিমে - ভারত / আটলান্টিক / প্রশান্ত মহাসাগর ।

xxxix) আফ্রিকার পন্ঞ্চম দীর্ঘতম নদী - নাইজার / অরেন্জ্ঞ / কঙ্গোঁ ।

xxxx) বিশ্বে অধিক লোক বাস করে - আফ্রিকা / ইউরোপ / এশিয়া তে ।

**2) পুর্ন বাক্যে উত্তর দাও :-** 10x1=10

i) অয়ন শব্দের অর্থ কি ?

উ: অয়ন শব্দের অর্থ পথ ।

ii) ‘GPS’ কি কাজে লাগে ?

উ: ‘GPS’ ব্যবস্থার মাধ্যমে কোন স্থানের অক্ষাংশ ও দ্রাঘিমা জেনে অবস্থান নির্নয় করা হয় ।

iii) ডেকানট্রাপ কোথায় দেখা যায় ?

উ: ডেকানট্রাপ দক্ষিন ভারতে উপদ্বীপীয় অন্ঞ্চলে দেখা যায় ।

iv) জ্বালামুখ কাকে বলে ?

উ: আগ্নেয়গিরির যে মুখ দিয়ে অগ্ন্যুপাত ঘটে ।

v) পৃথিবীর সর্বোচ্চ মালভূমির নাম কি ?

উ: পৃথিবীর সর্বোচ্চ মালভূমির নাম পামীর মালভূমি ।

vi) রেগোলিথ কাকে বলে ?

উ: আবহবিকারে শিলা চূর্ন বিচূর্ন হয়ে মূল শিলার উপরেই যে স্তরের সৃষ্টি করে তাকে রেগোলিথ বলে ।

vii) পৃথিবীর নোনা জলের শতকরা হার কত ?

উ: পৃথিবীর নোনা জলের শতকরা হার 97 শতাংশ ।

viii) এশিয়ার বৃহত্তম হ্রদের নাম কি ?

উ: এশিয়ার বৃহত্তম হ্রদের নাম কাস্পিয়ান সাগর ।

ix) এশিয়া ও আফ্রিকাকে কোন খাল বিচ্ছিন্ন করেছে ?

উ: এশিয়া ও আফ্রিকাকে সুয়েজ খাল বিচ্ছিন্ন করেছে ।

x) আফ্রিকার সর্বোচ্চ শৃঙ্গের নাম কি ?

উ: আফ্রিকার সর্বোচ্চ শৃঙ্গের নাম মাউন্ট কিলিমান্জারো ।

**3) শূন্যস্থান পূরণ কর :-** 10x1=10

i) পৃথিবীর কক্ষপথের পরিধি **96 কোটি** কিমি ।

ii) বিষুবরেখার কৌনিক মান **0** ডিগ্রি ।

iii) ঘাওয়ার বিশ্বের বৃহত্তম তৈলখনি অন্চ্ঞল ।

iv) সাহারার চলমান বালিয়াড়িকে আর্গ বলে ।

v) কাদাপাথর রুপান্তরিত হয়ে সিষ্ট শিলা গঠিত হয় ।

vi) পৃথিবীতে মিষ্টি জলের পরিমান **3** শতাংশ ।

vii) সাতপুরা একটি স্তুপ পর্বত ।

viii) মিশরের রাজধানীর নাম কায়রো ।

ix) আলেকজান্দ্রিয়া মিশরের বৃহত্তম বন্দর ।

x) বায়ুর চাপ ব্যারোমিটার যন্ত্রে মাপা হয় ।

**4) সংক্ষিপ্ত উত্তর দাও :-** 10x2=20

**i)** মুক্তিবেগ কাকে বলে ?

উ: কোন বস্তুকে ভূ-পৃষ্ঠ থেকে যদি 11.2 KM/Sec বেগে ছুড়ে দেওয়া যায়, তাহলে সেই বস্তুটি পৃথিবীর মহাকর্ষীয় বলের বাইরে তলে যেতে পারে । আর পৃথিবীতে ফিরে আসে না । একেই মুক্তিবেগ বলে ।

**ii)** প্রমান সময় বলতে কি বোঝ ?

উ: কোন দেশের একটি দ্রাঘিমারেখা নির্দিষ্ট করে, সেই দ্রাঘিমা রেখার উপর সূর্যের লম্ব অবস্থানকে নির্নয় করে যে সময় গননা করা হয়, তাকে প্রমান সময় বলে ।

যেমন - ভারতের নির্দিষ্ট দ্রাঘিমা $82^{0}30'$ পূর্ব দ্রাঘিমা ।

**iii)** ডোলড্রাম কাকে বলে ?

উ: নিরক্ষরেখার উভয়দিকে $5^{0}$-$10^{0}$ অক্ষরেখার মধ্যবর্তী স্থানে সূর্য সারাবছর লম্বভাবে কিরণ দেয় । ফলে এই অন্চ্রলের বাতাস উষ্ণ ও হালকা হয়ে সোজা উপরে উঠে যায় । বাতাসে কোন পার্শ্বপ্রবাহ থাকে না । অন্চ্রটিতে শান্তভাব বিরাজ করে । একেই নিরক্ষীয় শান্তবলয় বা ডোলড্রাম বলে ।

**iv)** জলপ্রপাত কাকে বলে ?

উ: নদীর প্রবাহপথে কঠিন ও কোমল শিলাস্তর পাশাপাশি অবস্থান করলে নদীর প্রবল স্রোতে ওপরের কঠিন শিলাস্তর অপেক্ষা কোমল শিলাস্তর অতি দ্রুত ক্ষয় হয়ে গভীর খাতের সৃষ্টি করে । ফলে নদীর জল উপর থেকে নীচে ঝাঁপিয়ে পড়ে । একেই জলপ্রপাত বলে ।

**v)** জীবাশ্ম কাকে বলে ?

উ: কোন অবতল স্থানে স্তরের পর স্তর পলি সন্চ্রয়নের সময় কোন মৃত ও উদ্ভিদের দেহ আবদ্ধ হয়ে যায় । পরবর্তীকালে এই সকল মৃত দেহের ছাপ ঐ শিলাতে থেকে যায় । একেই জীবাশ্ম বলে ।

**vi)** ইউট্রোফিকেশন কাকে বলে ?

উ: কৃষি জমি থেকে ধূয়ে আসা অজৈব পরিপোষক পুকুর, নদী বা হ্রদে এসে পড়লে অ্যালগি জাতীয় উদ্ভিদের দ্রুত বংশ বৃদ্ধি ঘটে । ফলে জলাশয় দ্রুত ভরাট হয়ে জলজ প্রানীর অক্সিজেনের অভাব ঘটে । এই প্রক্রিয়াকে ইউট্রোফিকেশন বলে ।

**vii)** এশিয়া মহাদেশের অবস্থান ও বিস্তার লেখ ।

উ: ভূ-মানচিত্রে এশিয়া মহাদেশটি দক্ষিনে মালয় উপদ্বীপের তানজোং অন্তরীপ $1^{0}16'$ উ: অক্ষরেখা থেকে উত্তরে রাশিয়ার চেলুস্কিন অন্তরীপ $77^{0}44'$ উ: পর্যন্ত বিস্তৃত পূর্বে $170^{0}$ পূর্ব দ্রাঘিমা থেকে পশ্চিমে $26^{0}$ পূর্ব দ্রাঘিমার মধ্যে অবস্থান করছে ।

**viii) 4 O'clock rain কাকে বলে ?**

উ: নিরক্ষরেখার উভয়দিকে $5^{0}$-$10^{0}$ অক্ষরেখার মধ্যবর্তী অন্ঞ্চলে সূর্য সারাবছর লম্বভাবে কিরণ দেয় । ফলে এখানে নিরক্ষীয় জলবায়ু বিরাজ করে । আফ্রিকা মহাদেশের নিরক্ষীয় জলবায়ু অন্ঞ্চলের কঙ্গো অববাহিকা ও গিনি উপকূলে প্রচুট পরিমানে নিরক্ষীয় পরিচলন বৃষ্টি হয় । প্রতিদিন বিকেল চারটের সময় এয় বৃষ্টিপাত ঘটে বলে একে 4 O'clock rain বলে ।

**ix) 'সাড' বলতে কি বোঝ ?**

উ: মিশরের নীলনদ অববাহিকায় নদীর গতিপথে আগাছা নলখাগড়া প্রভৃতি ভাসমান উদ্ভিদ জন্মানোর ফলে নদীর গতিপথথ অবরুদ্ধ হয়ে যায় । নদীর প্রবাহপথে এই ভাসমান উদ্ভিদ গুলিকে 'সাড' বলে ।

**x) সমচাপ রেখা কাকে বলে ?**

উ: বছরের কোন নির্দিষ্ট সময়ে ভূ-পৃষ্ঠের যে সকল সথানে বায়ুর চাপ সমান থাকে, সেই স্থান গুলিকে যে কাল্পনিক রেখায় যোগ করা হয় তাকে সমচাপ রেখা বলে ।

<u>5) প্রশ্নগুলির উত্তর দাও</u> :- 4x5=20

**1) ঋতু পরিবর্তনের কারণ কি ?**

উ: পৃথিবীতে ঋতু পরিবর্তনের কারণগুলি নিম্নরূপ -

<u>i) অভিগত গোলাকৃতি :-</u> পৃথিবীর আকৃতি অভিগত গোলকের মতো বলে পৃথিবীর সর্বত্র সূর্যালোক সমান ভাবে পড়ে না । ফলে উত্তাপের তারতম্য ঘটে । যাহা ঋতু পরিবর্তনের প্রধান কারণ ।

<u>ii) উপবৃত্তাকার কক্ষপথ :-</u> উপবৃত্তাকার কক্ষপথে পৃথিবী থেকে সূর্যের দূরত্ব সর্বদা সমান থাকে না । এই পার্থক্যের জন্য পৃথিবীতে উত্তাপের পার্থক্য ঘটে ।

**<u>iii) দিন-রাত্রির দৈর্ঘ্যের হ্রাসবৃদ্ধি :-</u>** সূর্য যখন যে গোলার্ধে লম্বভাবে কিরণ দেয়, তখন সেখানে দিনের দৈর্ঘ্য বেশী ও গ্রীষ্মকাল হয় । বিপরীত গোলার্ধে তখন শীতকাল বিরাজ করে ।

**<u>iv) সূর্যরশ্মির পাতন কোণ :-</u>**সূর্য রশ্মির পতন কোনের তারতম্যে উষ্ণতার তারতম্য ঘটে

উপরোক্ত কারণগুলির জন্য পৃথিবীতে বিভিন্ন সময়ে উষ্ণতার তারতম্য ঘটে ও ঋতু পরিবর্তন হয় ।

**2) নদীর নিম্নগতির তিনটি ভূমিরূপের বিবরণ দাও ।**

উ: নদীর নিম্নপ্রবাহে সন্চ্ঞয়নের ফলে গঠিত তিনটি ভূমিরূপ হল নিম্নরূপ -

**<u>i) প্লাবনভূমি :-</u>** নদীর নিম্নগতিতে ভূমির ঢাল কমে যায় ও জলের পরিমান বেড়ে গেলে নদী গর্ভ জলধারণ করতে পারে না । ফলে নদীর দু-কুল ছাপিয়ে প্রবাহিত হয় ও বন্যার সৃষ্টি করে । বন্যার জল সরে গেলে নদীর উভয়তীরে পলি, বালি সন্চ্ঞিত হয়ে যে ভূমি ভাগের সৃষ্টি করে তাকে প্লাবনভূমি বলে ।

**<u>ii) স্বাভাবিক বাঁধ :-</u>** প্রতিবছর প্লাবনের সময় নদীর জলের সঙ্গে বাহিত পলি, কাদা, বালি নদীর দুই পাড়ে সন্চ্ঞিত হয়ে বাঁধের মতো উঁচু ভূমিভাগের সৃষ্টি করে । একে স্বাভাবিক বাঁধ বলে ।

**<u>iii) ব-দ্বীপ :-</u>** নদী বাহিত পলি, বালি মোহনায় সন্চ্ঞিত হয়ে যে ত্রিকোনাকার ভূমিরূপ সৃষ্টি হয় তাকে ব-দ্বীপ বলে । দেখতে অনেকটা গ্রীক অক্ষর ডেল্টা ‘ব‘ এর মতো হয় বলে একে ডেল্টাও বলা হয়ে থাকে ।

**3) এশিয়ার উত্তরবাহিনী নদীগুলির তিনটি বৈশিষ্ট্য লেখ । আর্গ ও হামাদা কাকে বলে ?**

[3+2]=5

উ: এশিয়ার উত্তরবাহিনী নদীগুলির তিনটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল -

i) নদীগুলি সুমেরু বৃত্ত অতিক্রম করেছে বলে এদের মোহনার কাছে বছরে ৮-৯ মাস জল বরফে পরিনত হয় ।

ii) নদীগুলি খুবই বন্যাপ্রবন ।

iii) নদী অববাহিকায় অনেক জলাভূমি দেখা যায় ।

iv) নদীর গতিপথ দীর্ঘ ।

- <u>আর্গ</u> -সাহারা মরুভূমির পশ্চিমাংশে চলমান বালিয়াড়ি গুলিকে আর্গ বলে ।
- **<u>হামাদা</u>** - সাহারা মরুভূমির শিলাময় স্থানগুলিকে বলে হামাদা ।

**4) সাহারা মরুভূমির জলবায়ুর বৈশিষ্ট্য লেখ ।**

উ: সাহারা মরুভূমির জলবায়ুর বৈশিষ্ট নিম্নরূপ -

i) দিনে প্রচন্ড গরম ও রাতে ততোধিক ঠান্ডা ।

ii) গ্রীষ্মকালীন সর্বাধিক উষ্ণতা প্রায়  পর্যন্ত ওঠে ।

iii) সাহারায় বাৎসরিক গড় বৃষ্টিপাত  এরও কম ।

iv) এখানকার জলবায়ু উষ্ণ ও শুষ্ক এবং চরমভাবাপন্ন ।

v) দিনের বেলা এখানে গরম ধূলিঝড় দেখা যায় ।